# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৭১. মনে রাখুন যে আপনি পরম করুণাময়ের সাথে লেনদেন করছেন

নিম্নোক্ত হাদীসটি আমি যখন পড়েছি তখন আমাকে এটা গভীরভাবে নাড়া দিয়েছে এবং এটা যদি আপনার ওপরেও একই প্রভাব ফেলে তবে আমি এতে বিস্মিত হব না। ইমাম আহমদ (রহঃ), ইমাম আবু ইয়া'লা (রহঃ), ইমাম বাজ্জার (রহঃ), এবং ইমাম তবারানী (রহঃ) সকলেই নিম্নোক্ত হাদীসটি বর্ণনা করেছেন-

“একবৃদ্ধ লোক লাঠিতে ভর করে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, “হে আল্লাহর রাসূল! আমি অনেক বিশ্বাসঘাতকতা ও পাপ করেছি। আমাকে কি মাফ করা হবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আপনি কি সাক্ষ্য দেন যে, আল্লাহ ছাড়া অন্য কোন ইলাহ (উপাস্য) নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল? লোকটি বলল, হ্যাঁ হে আল্লাহ্‌র রাসূল। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, নিশ্চয় আল্লাহ আপনার বিশ্বাসঘাতকতা ও পাপ ক্ষমা করে দিয়েছেন। আল্লাহ সর্বশ্রেষ্ঠ, আল্লাহ সর্বশ্রেষ্ঠ (আল্লাহ আকবর, আল্লাহু আকবার) (একথা) বলতে বলতে লোকটি চলে গেল।”

এ হাদীস থেকে কিছু বিষয় বুঝা যায়। তার একটি হলো- আল্লাহর করুণার বিশালতা। আরেকটি হলো- ইসলাম গ্রহণ বা তওবা অতীতের পাপ মাফ করে দেয়। (অর্থাৎ ইসলাম গ্রহণ করলে বা তওবা করলে আল্লাহ অতীত পাপকে ক্ষমা করে দেন।)

আরো একটি বিষয় হলো যে, যিনি সবকিছু জানেন তার ক্ষমার তুলনায় পাহাড় পরিমাণ গুনাহ কিছুই নয়। অবশেষে আল্লাহর ব্যাপক উদারতার প্রতি এবং তার সুদূর প্রসার করুণার প্রতি আশান্বিত হওয়ার পাশাপাশি আপনার প্রতিপালকের সম্বন্ধে আপনার সুধারণা পোষণ করা আপনার জন্য একান্ত প্রয়োজনীয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7779

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন